

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
অভ্যন্তরীণ সংগ্রহ শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.০০৫.২৩.২৬০

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪৩০

১২ ডিসেম্বর ২০২৩

বিষয়: **অভ্যন্তরীণ আমন সংগ্রহ, ২০২৩-২০২৪ এর আওতায় অতিরিক্ত সিদ্ধ চালের বরাদ্দ প্রদান।**

সূত্র: খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং ১৩.০০.০০০০.৪৩.৩৫.০০৩.২৩.১৪৩, তারিখ: ১১.১২.২০২৩ খ্রি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে সংগ্রহের হার বিবেচনায় ৫০,০০০ (পঞ্চাশ হাজার) মে.টন সিদ্ধ চালের বিভাগভিত্তিক অতিরিক্ত বরাদ্দ নিম্নবর্ণিত শর্তে প্রদান করা হলো :

ক্র: নং	বিভাগের নাম	অতিরিক্ত বরাদ্দের পরিমাণ (মে.টন)
১	রাজশাহী	১০,৪২১
২	রংপুর	১৯,২৮৬
৩	ঢাকা	৩৮২৮
৪	ময়মনসিংহ	৬৭৫৭
৫	খুলনা	৯৭০৮
সর্বমোট=		৫০,০০০

শর্তসমূহ:

- ক। সংশ্লিষ্ট আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক জেলা খাদ্য নিয়ন্ত্রকের চাহিদার আলোকে আন্তঃজেলা বিভাজন করবেন;
- খ। যেসকল মিলমালিক যথাসময়ে চুক্তিকৃত সমুদয় চাল সরবরাহ করবেন তাদেরকে এ চাল বরাদ্দ প্রদান করতে হবে;
- গ। সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক জেলা কমিটিকে অবহিত করে বরাদ্দ প্রদান করবেন;
- ঘ। অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এ যাই কিছুই থাকুক না কেন সকল প্রকার অতিরিক্ত বরাদ্দ প্রদানের ক্ষেত্রে প্রাথমিকভাবে মিলমালিকদের সাথে চুক্তিকৃত চালের সর্বোচ্চ পরিমাণের অতিরিক্ত পরিমাণ বরাদ্দ একবারে প্রদান করা যাবে না।
- ঙ। সকল ক্ষেত্রে চালের মান বিনির্দেশ সম্মত হতে হবে;
- চ। কোনোক্রমেই মিলের পাক্ষিক হাঁটাই ক্ষমতার অতিরিক্ত বরাদ্দ প্রদান করা যাবে না। চাল সংগ্রহের ক্ষেত্রে নীতিমালার অন্যান্য বিধানাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে;

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



১২-১২-২০২৩

মোঃ মনিরুজ্জামান

পরিচালক (চলতি দায়িত্ব)

ফোন: +৮৮-০২-৪১০৫০১৭৮

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা/রংপুর/ময়মনসিংহ/রাজশাহী/ঢাকা

ইমেইল: dproc@dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.০০৫.২৩.২৬০/১(১৫)

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪৩০
১২ ডিসেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ২) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৩) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল/সিলেট/চট্টগ্রাম
- ৪) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য
- ৫) অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো
- ৭) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য



১২-১২-২০২৩

মোঃ মনিরুজ্জামান

পরিচালক (চলতি দায়িত্ব)